

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 25-01-2026**

**Time: 9-9.10 PM Hrs**

**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শিল্প এবং স্টার্ট আপের সাথে যুক্তদের গুণগত মান বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন।
- (২) ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিংহিয়া রাজ্য সফরে এসে প্রায় সাড়ে নয়শো কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস ও নির্মায়মান প্রকল্পগুলি পরিদর্শন করেছেন।
- (৩) আজ জাতীয় ভোটার দিবস। সারা দেশের সাথে রাজ্যও এই দিবসটি পালিত হচ্ছে।
- (৪) রাজ্যও নানা কর্মসূচির মধ্য দিয়ে আগামীকাল ৭৭ তম প্রজাতন্ত্র দিবস উদযাপিত হবে।

\*\*\*\*\*

**Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি শিল্প এবং স্টার্ট আপের সাথে যুক্তদের গুণগত মান বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন। আজ মন কি বাত অনুষ্ঠানের ১৩০ তম পর্বে প্রধানমন্ত্রী একথা বলেন। শ্রী মোদী বলেন, ভারতের অর্থনীতি দ্রুত এগিয়ে চলেছে এবং বিশ্ব ভারতকে দেখছে।

জাতীয় ভোটার দিবসে শ্রী মোদী বলেন, একজন ভোটার হলেন গণতন্ত্রের প্রাণ। তিনি বলেন, যখনই কোনও তরুণ প্রথমবারের মতো ভোটার হন, তখন পুরো পাড়া, গ্রাম বা শহরের উচিত তাকে অভিনন্দন জানাতে এবং মিষ্টি বিতরণ করতে একত্রিত হওয়া।

## ##### PM Byte #####

স্বচ্ছতা প্রসঙ্গের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, অরুণাচল প্রদেশের যুবকরা সম্মিলিতভাবে পরিষ্কার পরিচ্ছন্নতাকে নিজেদের লক্ষ্য বা মিশন হিসেবে গ্রহণ করেছে। তিনি বলেন, এটা গর্বের বিষয় যে যুবকরা আশেপাশের পরিচ্ছন্নতা নিয়ে অত্যন্ত সচেতন। এখনো পর্যন্ত তারা প্রায় ১১ লক্ষ কিলোগ্রাম আবর্জনা পরিষ্কার করেছে।

শ্রী মোদী বলেন, ভজন এবং কীর্তন বহু শতাব্দী ধরে ভারতীয় সংস্কৃতির প্রাণ। আজকের তরুণরা তাদের অভিজ্ঞতা এবং জীবনযাত্রায় ভঙ্গির চেতনাকে অন্তর্ভুক্ত করেছে। তিনি আরও বলেন, এই চিন্তাভাবনা একটি নতুন সাংস্কৃতিক ধারার জন্ম দিয়েছে।

আগামীকাল জাতি প্রজাতন্ত্র দিবস উদযাপন করবে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, আজকের দিনেই সংবিধান কার্যকর হয়েছে এবং এটি জনগণকে সংবিধানের প্রতিষ্ঠাতাদের প্রতি শুদ্ধা জানানোর সুযোগ করে দেয়।

\*\*\*\*\*

### **Maan ki baat -Governor:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু আজ মোহনপুরের হেজামারায় জওহর নবোদয় বিদ্যালয়ে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার জেলাশাসক, জওহর নবোদয় বিদ্যালয়ের অধ্যক্ষ সহ অন্য পদস্থ আধিকারিকরা।

\*\*\*\*\*

### **CM-Bishramganj:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ বিশ্বামগঞ্জের শচীন দেববর্মন স্মৃতি কলাক্ষেত্রে, বিজেপি কার্যকর্তাদের সঙ্গে প্রধানমন্ত্রীর মন কি বাত শোনেন।

অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের জনজাতিদের সার্বিক উন্নয়নে আন্তরিকভাবে কাজ করছে বর্তমান সরকার। জেলাস্তর ছাড়াও বর্তমানে প্রতিটি মহকুমায় জনজাতিদের বিভিন্ন উন্নয়ন প্রকল্প দেখা শোনার জন্য একজন করে টিসিএস অফিসার নিয়োগ করা হয়েছে।

\*\*\*\*\*

### **DoNER MINISTER:**

ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিঙ্কিয়া তিনদিনের রাজ্য সফরে এসে প্রায় সাড়ে নয়শো কোটি টাকার বিভিন্ন প্রকল্পের উদ্বোধন, শিলান্যাস ও নির্মায়ন প্রকল্পগুলি পরিদর্শন করেছেন। আজ গন্ধাচ্ছার নারিকেল কুঞ্জে মাতাবাড়ি টুয়রিজম সার্কিট প্রকল্পের শিলান্যাস করে তিনি এ খবর জানান। তিনি জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আশা ও বিশ্বাস এবং মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহার সহায়তায় এই প্রকল্পগুলি বাস্তবায়িত হচ্ছে। নারিকেল কুঞ্জেকে বিশ্বমানের পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার প্রতিশ্রুতি দেন কেন্দ্রীয় মন্ত্রী। মাতাবাড়ি, উজ্জয়ন্ত প্রাসাদ, নীরমহল, সিপাহিজলা এবং ছবিমুড়া এই পাঁচটি পর্যটন কেন্দ্রকে নিয়ে ৪৫০ কোটি টাকার মাতাবাড়ি টুয়রিজম সার্কিট প্রকল্প রূপায়িত হচ্ছে।

##### DoNER MINISTER Byte #####

নারিকেল কুঞ্জে আজকের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী প্রমুখ।

\*\*\*\*\*

### **Padmshree Naresh Debarma:**

সাহিত্য ও শিক্ষা ক্ষেত্রে অনবদ্য অবদানের নিরিখে নরেশ চন্দ্র দেববর্মা পদ্মশ্রী সম্মানের জন্য মনোনীত হয়েছেন। সাংসদ বিপ্লব কুমার দেব শ্রী দেববর্মাকে

শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে শ্রী দেব জানিয়েছেন নরেশ চন্দ্র দেববর্মার এই প্রাপ্তি, সমস্ত ত্রিপুরাবাসীর জন্যও অত্যন্ত আনন্দের ও গবের।

\*\*\*\*\*

### **Republic Day-President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম প্রজাতন্ত্র দিবস উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। ৭৭ তম প্রজাতন্ত্র দিবসের প্রাক:কালে আজ সন্ধ্যায় জাতির উদ্দেশ্যে প্রদত্ত ভাষণে রাষ্ট্রপতি বলেন, প্রজাতন্ত্র দিবসের পরিত্র উৎসব আমাদের অতীত, বর্তমান এবং ভবিষ্যতে দেশের অবস্থা এবং দিকনির্দেশ অবলোকনের সুযোগ এনে দেয়। রাষ্ট্রপতি বলেন, আমাদের সংবিধান, বিশ্ব ইতিহাসের বৃহত্তম সাধারণতন্ত্রের মৌলিক গ্রন্থ। আমাদের সংবিধানে নিহিত জ্ঞানবিচার, স্বাধীনতা, সাম্য এবং সোভাত্ত্বের আদর্শ আমাদের সাধারণতন্ত্রকে সংজ্ঞায়িত করে। সংবিধানের প্রণেতারা জাতীয়তাবাদ এবং জাতীয় ঝুঁকের চেতনাকে বিভিন্ন সাংবিধানিক বিধানের শক্তিশালী ভিত্তি প্রদান করেছেন। রাষ্ট্রপতি দেশবাসীর জীবন, স্বুখ, শান্তি, নিরাপত্তা এবং সোহার্দ্য পরিপূর্ণ থাকবে বলে আশা প্রকাশ করেছেন।

\*\*\*\*\*

### **National Voters Day-President:**

যোড়শ জাতীয় ভোটার দিবস আজ দেশজুড়ে পালন করা হচ্ছে। নতুন দিল্লিতে নির্বাচন কমিশন আয়োজিত জাতীয় ভোটার দিবস উদযাপন অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্ম সভাপতিত্ব করেছেন। 'ভারতীয় গণতন্ত্রের চালিকাশক্তির মূল নায়ক হলেন দেশের নাগরিক' এই ভাবনাকে সামনে রেখে এই বছরের জাতীয় ভোটার দিবসের থিম করা হয়েছে 'আমার ভারত, আমার ভোট'। রাষ্ট্রপতি আজ এই অনুষ্ঠানে নতুন ভোটারদের হাতে এপিক কার্ড তুলে দেন। সেই সঙ্গে তিনি প্রযুক্তি

ব্যবহার, নির্বাচন ব্যবস্থাপন, পরিকাঠামো নির্মাণ, আদর্শ আচরণবিধি কার্যকর করা ও ভোটার সচেতনতা বাড়ানোর প্রয়াসের জন্য উল্লেখযোগ্য অবদান রাখায়, কয়েকজন ভোটকর্মীর হাতে বিশেষ পুরস্কার তুলে দেন।

\*\*\*\*\*

### National Voters Day-Governor:

দেশে গণতন্ত্র কায়েম করতে হলে নিজেদের ভোটাধিকার প্রয়োগ করা একান্ত জরুরী, বলেছেন, রাজ্যপাল ইন্দ্রসেনা রেজিডি নাল্লু। আজ মোহনপুরের হেজামারায় জওহর নবোদয় বিদ্যালয়ে আয়োজিত ১৬ তম জাতীয় ভোটার দিবস অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি একথা বলেন। এই অনুষ্ঠানে চারজন নতুন ভোটারের হাতে সচিত্র পরিচয়পত্র তুলে দেন রাজ্যপাল। পাশাপাশি একটি কুঠীজ প্রতিযোগিতারও আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলা শাসক, মোহনপুরের এসডিএম, বিদ্যালয়ের অধ্যক্ষ সহ অন্য আধিকারিকরা।

\*\*\*\*\*

### N V D:

১৬ তম জাতীয় ভোটার দিবস উপলক্ষে প্রজ্ঞা ভবনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে রাজ্য মুখ্য নির্বাচনী অফিসার ব্রিজেশ পান্ডে, অতিরিক্ত মুখ্য নির্বাচনী অফিসার উষা জৈন মগ ও অন্যান্য দিনটির তাঃপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

### National Voters Day -State:

যোড়শ জাতীয় ভোটার দিবস উদয়াপন উপলক্ষ্যে আজ কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসাবে

উপস্থিত ছিলেন, উনকোটি জেলার জেলা শাসক ডক্টর তমাল মজুমদার। এখানে নতুন ভোটারদের মধ্যে সচিত্র পরিচয়পত্র বিতরণ, শপথবাক্য পাঠ এবং কাজের নৈপুণ্যতার নিরিখে কয়েকজন সরকারি আধিকারিক ও কর্মীকে পুরস্কৃত করা হয়।

সিপাহীজলা জেলাভিত্তিক জাতীয় ভোটার দিবস আজ উযাপিত হয় সোনামুড়া টাউন হলে। উদ্বোধন করেন জেলাশাসক ডক্টর সির্দ্ধার্থ শিব জয়সওয়াল। অনুষ্ঠানে জেলার অন্তর্গত ৯টি বিধানসভা কেন্দ্রের ৯ জন সেরা বিএলও কে সংবর্ধনা জানানো হয়। তাছাড়াও কয়েকজন নতুন ভোটারের হাতে স্বচিত্র ভোটার পরিচয়পত্র তুলে দেওয়া হয়।

গোমতি জেলা প্রশাসনের উদ্যোগে আয়োজিত জেলার মূল অনিষ্ঠানটি হয় উদয়পুর মহকুমা অফিসের কনফারেন্স হলে। জাতীয় ভোটাধিকার দিবসের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন ভারতীয় নির্বাচন কমিশনের জেলা আইকন সাঁতারু গণেশ নাহা।

আজ বিলোনিয়ার অগ্নিবীণা হলে জাতীয় ভোটার দিবস উপলক্ষে এক অনুষ্ঠানের মাধ্যমে বিলোনিয়া বিধানসভা কেন্দ্রের ২৫ জন নতুন ভোটারের হাতে তুলে দেওয়া হয় পরিচয়পত্র। শপথ বাক্য পাঠ করান বিলোনিয়ার মহকুমা শাসক দেবাশীষ দাস।

\*\*\*\*\*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ড্রিউ. ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

### **CM-Greetings:**

আগামীকাল ৭৭ তম প্রজাতন্ত্র দিবস। রাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে এই দিবসটি উদযাপন করা হবে। রাজ্যের মূল অনুষ্ঠানটি আয়োজন করা হবে আগরতলা আসাম রাইফেলস ময়দানে। অনুষ্ঠানে আধা সামরিক বাহিনী, পুলিশ ও অন্যান্যদের কুচকাওয়াজ ও সাংস্কৃতিক অনুষ্ঠান প্রদর্শিত হবে। প্রজাতন্ত্র দিবসকে সামনে রেখে সারা রাজ্যে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

\*\*\*\*\*

### **President police medal :**

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে রাষ্ট্রপতি পুলিশ পদক পাচ্ছেন রাজ্যের সাতজন পুলিশ ও টিএসআর জওয়ান। অতি বিশেষ সেবার জন্য রাষ্ট্রপতি পদক পাচ্ছেন টিএসআরের সপ্তম ব্যাটেলিয়ানের হাভিলিদার শিব চরন দেববর্মা। এছাড়া বিশেষ সেবার জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক পাচ্ছেন ডিএসপি দেবপ্রসাদ রায়, টিএসআরের পঞ্চম ব্যাটেলিয়ানের স্ববেদার প্রদীপ চন্দ্র দাস, টিএসআরের সপ্তম ব্যাটেলিয়ানের হাভিলিদার বিপুল দাস, পুলিশ কনষ্টেবল জীবন দেবনাথ, ট্রাফিক পুলিশের এএসআই অমল দত্ত এবং পুলিশের স্পেশাল ব্রাফ্ঝের এএসআই ক্রিবজেয়াতি হালদার। পুলিশ সদর দপ্তর সূত্রে এই খবর জানা গেছে।

\*\*\*\*\*

## **Cross Country:**

প্রজাতন্ত্র দিবস উপলক্ষে সরকারি কর্মসূচির অঙ্গ হিসেবে আজ ত্রিশ কান্টি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। আগরতলার উমাকান্ত একাডেমির সামনে থেকে বালকদের পাঁচ কিলোমিটার এবং বালিকাদের তিন কিলোমিটার দৌড় হয়। দৌড়ে বালক বিভাগে ৬৩ জন এবং বালিকা বিভাগের ৫২ জন অংশ নেন। পরে দুই বিভাগের সেরা আথলিটকে প্রাইজমানি দেয়া হয়। দৌড়ে বালক বিভাগে খেলো ইভিয়া স্কিমের সৌরভ হোসেন ও বালিকা বিভাগে খেলো ইভিয়া স্কিমের লক্ষ্মী রানী ত্রিপুরা প্রথম স্থান দখল করেন।

\*\*\*\*\*

## **Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭.৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*

\*\*\*\*\*